


# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

হেড অফিস, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

বিষয়: ব্যাংকের ২০২০-২০২১ অর্থ বছরের উত্তম চর্চা, চ্যালেঞ্জ ও চ্যালেঞ্জ নিরসন বিষয়ক প্রতিবেদন।

উত্তম চর্চা	উত্তম চর্চার ধরণ	চ্যালেঞ্জ	চ্যালেঞ্জ নিরসন প্রক্রিয়া
০১। ভার্চুয়াল প্ল্যাটফর্মে সভা আয়োজন	কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে ব্যাংকের সভাসমূহ সরাসরি অংশগ্রহণের সুযোগ সীমিত থাকায় জুম প্ল্যাটফর্ম ব্যবহারপূর্বক স্ব স্ব অবস্থানে উপস্থিত থেকে Video Conferencing-এর মাধ্যমে নিয়মিতভাবে পর্ষদসভাসহ ব্যাংকের জোনাল ও ব্রাঞ্চার সাথে সভার আয়োজন করা হচ্ছে। ফলে সকল অংশগ্রহণকারীর অংশগ্রহণে স্বল্প ব্যয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে।	ইন্টারনেট-এর সুবিধা নিশ্চিত করা।	ব্যাংকের সকল ব্রাঞ্চ ও নিয়ন্ত্রণকারী অফিস-কে দ্রুতগতির ইন্টারনেটসহ সকল অবকাঠামোগত সুবিধার প্রদান করা হয়েছে।
০২। স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণ	কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে কর্মক্ষেত্রে অনুসরণীয় স্বাস্থ্যবিধি নিশ্চিতসহ সচেতনতা বৃদ্ধি ও বিভিন্ন সুরক্ষামূলক উদ্যোগ (মাস্ক সরবরাহ করা, তাপমাত্রা পরিমাপপূর্বক অফিসে প্রবেশ করা, অফিসের প্রবেশ পথে হ্যান্ড স্যানিটাইজ করা, ওয়াশরুমে সাবান ও টিস্যু সরবরাহ করা ইত্যাদি) গ্রহণ করা হয়েছে। তাছাড়া, ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে তাদের আওতাধীন অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্যও নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে কর্মক্ষেত্রে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সুরক্ষা নিশ্চিত করা সম্ভব হচ্ছে। এ কাজের শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ব্যাংকের ০৩ জন ডাক্তার সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে।	সচেতনতার অভাব/ স্বাস্থ্যবিধি পরিপালনে ইচ্ছাকৃত অনিহা।	ব্যাংকের ০৩ জন ডাক্তার কর্তৃক কোভিড-১৯ সম্পর্কে কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ-কে সার্বক্ষণিক সরাসরি পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ-কে কোভিড-১৯ সম্পর্কে সচেতন করণার্থে নিয়মিতভাবে সাকুলার জারি করা হচ্ছে। উল্লেখ্য, বিডিবিএল ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অভিজ্ঞ ও টেকনিক্যাল ব্যক্তির দ্বারা সময় উপযোগী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তাছাড়া, ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহারপূর্বক স্ব স্ব অবস্থানে উপস্থিত থেকে Video Conferencing-এর মাধ্যমে সভা আয়োজন করা হচ্ছে।
০৩। 'BDBL MIS' সফটওয়্যার ব্যবহার	ব্যাংকের ব্রাঞ্চসমূহের সার্বিক কাজে গতি বৃদ্ধির লক্ষ্যে ব্রাঞ্চার দৈনিক কার্যাবলী (একাউন্ট খোলা, আমানত সংগ্রহ, ঋণ বিতরণ/আদায়, রেমিটেন্স, অন-লাইন ট্রানজেকশন, সাধারণ ব্যাংকিং ইত্যাদি) সংক্রান্ত তথ্য দিন শেষে যথাযথ কর্তৃপক্ষের অবগতির জন্য তাৎক্ষণিকভাবে এন্ট্রি দেয়ার লক্ষ্যে 'BDBL MIS' নামক একটি সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে। সফটওয়্যারটি ব্যবহারের ফলে ব্রাঞ্চ ম্যানেজারগণের প্রতিদিনের কার্যাবলী ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক আরও নিবিড়ভাবে মনিটর করা সম্ভব হচ্ছে।	'BDBL MIS' সফটওয়্যারে ব্রাঞ্চার প্রতিদিনের বিভিন্ন তথ্য যথাযথভাবে হালনাগাদ করা।	ব্রাঞ্চ এ কাজ সম্পাদন করার নিমিত্ত নিয়োজিত কর্মকর্তাবৃন্দ-কে জুমের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ কার্যক্রম নিয়মিত তদারকি করা হচ্ছে।

  
(কবির আহমদ)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ও

সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

হেড অফিস, ঢাকা।